অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/11/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নরের সেক্রেটারি মেলিসা ডেরোসা গভর্নরকে পারিবারিক সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের সেবা সম্পর্কে NY-এর দৃষ্টিভঙ্গি পুনর্বিবেচনা করার জন্য COVID-19 ডোমেস্টিক ভায়োলেন্স টাস্ক ফোর্সের প্রাথমিক সুপারিশগুলোর একটি রিপোর্ট দিয়েছেন

গর্ভনর টাস্ক ফোর্সের সুপারিশগুলি সম্পূর্ণ গ্রহণ করেন

পারিবারিক সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের চাহিদা স্বতন্ত্র তা স্বীকার করতে 40 বছর বয়সী সিস্টেমের সংস্কারের সুপারিশ করা হয়েছে

জাতির -নেতৃস্থানীয় পরিকল্পনা মোবাইল এডভোকেসি, নমনীয় তহবিল এবং হাউজিং চয়েস প্রদান করে যাতে প্রত্যেক বেঁচে থাকা ব্যক্তির ক্ষমতায়ন নিশ্চিত করা যায়

টাস্ক ফোর্সের পূর্ণাঙ্গ রিপোর্ট এখানে পাওয়া যাচ্ছে

গভর্নরের সেক্রেটারি মেলিসা ডিরোসা আজ গভর্নর কুওমোর কাছে একটি প্রতিবেদন প্রকাশ করেছেন যেখানে পারিবারিক সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের সেবা সম্পর্কে নিউ ইয়র্কের দৃষ্টিভঙ্গি পুনর্বিবেচনা করার জন্য COVID-19 ডোমেস্টিক ভায়োলেন্স টাস্ক ফোর্সের প্রাথমিক সুপারিশগুলো তুলে ধরে। গভর্নর কুওমো এই সুপারিশগুলো পুরোপুরি গ্রহণ করেছেন এবং পারিবারিক সহিংসতা প্রতিরোধের জন্য দপ্তর (Office for the Prevention of Domestic Violence)-কে নির্দেশ দিচ্ছেন এবং তার সাথে শিশু ও পারিবারিক সেবা দপ্তর (Office of Children and Family Services)-এর অন্যান্য সহযোগী এজেন্সি, অস্থায়ী ও প্রতিবন্ধকতা সহায়তা দপ্তর (Office of Temporary and Disability Assistance), ভিকটিম সার্ভিসের দপ্তর (Office of Victim Services), ক্রিমিনাল জাস্টিস সার্ভিস বিভাগ (Division of Criminal Justice Services) এবং স্বাস্থ্য বিভাগ (Department of Health)-কে নিউ ইয়র্ক স্টেটে পারিবারিক সহিংসতা সেবা হালনাগাদ এবং উন্নতি করার জন্য এই সুপারিশগুলি ব্যবহার করতে বলেছেন।

টাস্ক ফোর্স দ্বারা চিহ্নিত সুপারিশ স্বীকার করে যে পারিবারিক সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের চাহিদা ব্যাপকভাবে আলাদা হয়ে থাকে এবং তাদের পরিস্থিতির উপর সর্বোচ্চ নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন উপকরণ প্রয়োজন, যেমন: মোবাইল এডভোকেসি, নমনীয় তহবিল এবং পছন্দমত হাউজিং। টাস্ক ফোর্সের প্রস্তাবিত সুপারিশগুলো দ্রুত বাস্তবায়ন করার যোগ্য, যেখানে লাল ফিতার

দৌরাত্ব কমিয়ে সাংস্কৃতিক যোগ্যতাকে অগ্রাধিকার দেয়া হয়েছে যেন বেঁচে যাওয়া ব্যক্তিদের সাথে তাদের বসবাসের স্থলে গিয়ে দেখা করা যায়, তাদের যা প্রয়োজন তা প্রদান করা যায় এবং অব্যাহত উদ্ভাবনের জন্য একটি ভিত্তি স্থাপন করা যায়। টাস্ক ফোর্সের পূর্ণাঙ্গ রিপোর্ট এখানে পাওয়া যাবে।

"COVID-19 মহামারির ফলে স্টেটে পারিবারিক হিংসার ঘটনা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে, এবং তাদের সাহায্য বা রিসোর্সের প্রবেশাধিকারের অভাব আছে বলেই অনেক বেঁচে যাওয়া ব্যক্তিরা তাদের নিপীড়নকারীদের সাথে বাড়িতে আটকে আছে," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্ক আমাদের সিস্টেমের আধুনিকীকরণ এবং যেভাবে আমরা বেঁচে যাওয়া ব্যক্তিদের সেবা প্রদান করি তার হালনাগাদ করণে কাজ করছে এবং টাস্ক ফোর্সের সুপারিশ গুলো পারিবারিক সহিংসতার ঘটনার এই উদ্বেগজনক বৃদ্ধি কে মোকাবেলা করতে সাহায্য করবে যখন আমাদের সিস্টেম এবং প্রক্রিয়া আগের চেয়ে হালনাগাদ হয়ে যাবে। আমি টাস্ক ফোর্সের সকল সদস্যকে এই বিষয়ে তাদের কাজের জন্য এবং পারিবারিক এবং লিঙ্গ ভিত্তিক সহিংসতা বন্ধে তাদের নিষ্ঠার জন্য ধন্যবাদ জানাই।"

"পারিবারিক সহিংসতা আমাদের সমাজে একটি ব্যাপক সমস্যা হয়েছে এবং COVID-19 মহামারি এই পরিস্থিতিকে আরো বাড়িয়ে দিয়েছে এবং আমাদের ঐতিহ্যবাহী কৌশল এবং পদ্ধতির যে সীমাবদ্ধতা আছে তা উন্মোচন করেছে।" **গভর্নরের সেক্রেটারি এবং নিউ ইয়র্ক স্টেট মহিলা ও মেয়ে বিষয়ক কাউন্সিল (New York State Council on Women and Girls)-এর চেয়ারম্যান মেলিসা ডিরোজা বলেন।** "মহামারির সময় পারিবারিক সহিংসতার ঘটনা বেড়ে যাওয়ার পর থেকে নিউ ইয়র্ক পারিবারিক সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের কাছে নিরাপদে পৌঁছানোর জন্য এবং তাৎপর্যপূর্ণ, জীবন রক্ষাকারী সেবা প্রদানের জন্য নতুন এবং উদ্ভাবনী সমাধান খুঁজে বের করতে জরুরি পদক্ষেপ গ্রহণ করেছে। এই সুপারিশগুলো আমাদের প্রচেষ্টার উপর গড়ে তোলা হয়েছে এবং ভবিষ্যতে পারিবারিক সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের এবং তাদের সিদ্ধান্ত নিয়ন্ত্রণের মাধ্যমে আমরা যেভাবে সেবা প্রদান করি তা রূপান্তর এবং পুনর্বিবেচনা করতে সাহায্য করবে।"

প্রথম সুপারিশ: আরো বেঁচে যাওয়া ব্যক্তিদের কাছে পৌঁছাতে নতুন প্রযুক্তি ব্যবহার করা

টাস্ক ফোর্স সুপারিশ করছে যে গভর্নর সহিংসতা প্রতিরোধের জন্য অফিসকে নির্দেশ দেবেন যেন তারা জাতীয় প্রযুক্তিগত সহায়তা প্রদানকারীদের সাথে যৌথভাবে প্রযুক্তি ব্যবহারের ব্যাপারে তাদের জ্ঞান বাড়ায় যাতে পারিবারিক সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের যার মধ্যে ঐতিহ্যগতভাবে অনগ্রসর জনগোষ্ঠী এবং তরুণরা যারা ঘনিষ্ঠ অংশীদার সহিংসতার দ্বারা প্রভাবিত হতে পারে তাদের কাছে অধিক হারে পৌঁছানো যায়।

টাস্ক ফোর্স এছাড়াও সুপারিশ করেছে যে রাষ্ট্রীয় সংস্থাগুলো মোবাইল ডিভাইস ক্রয় এবং মহামারি সম্পর্কিত কেন্দ্রীয় তহবিলের মাধ্যমে প্রযুক্তিগত অবকাঠামোকে আধুনিকায়নের জন্য যেন সমর্থন করে।

টাস্ক ফোর্স এছ্যাও সুপারিশ করেছে যে পারিবারিক সহিংসতা প্রতিরোধের অফিসড় (OPDV) স্থায়ীভাবে NYS পারিবারিক এবং যৌন সহিংসতা হটলাইনের কার্যকারিতা রক্ষার জন্য একটি চ্যাট এবং টেক্সট উপাদান অন্তর্ভুক্ত করবে।

দ্বিতীয় সুপারিশ: বেঁচে যাওয়া ব্যক্তিদের বিভিন্ন চাহিদা পূরণে নমনীয় তহবিল প্রদান

টাস্ক ফোর্স সুপারিশ করেছে যে রাষ্ট্রীয় সংস্থাগুলো স্থানীয় প্রোগ্রামের জন্য যে তহবিল সরবরাহ করে তা যা বেঁচে যাওয়া ব্যক্তিদের নিরাপত্তা, আবাসন স্থিতিশীলতা, পরিবহন বা অন্যান্য চাহিদাকে সমর্থন করতে ব্যবহার করা যেতে পারে। মোবাইল এডভোকেসি কৌশলের সাথে সামঞ্জস্য রেখে,স্টেটের উচিত কমিউনিটি ভিত্তিক মোবাইল এডভোকেসি পরিচালনার জন্য,যদি সম্ভব হয়, তহবিল ব্যবহার করা, আবাসন স্থিতিশীলতা, অর্থনৈতিক ক্ষমতায়ন এবং নিরাপত্তা পরিকল্পনার উপর জোর দেওয়া, যাতে বেঁচে যাওয়া ব্যক্তিরা নিরাপদে থাকতে পারে। স্থানী প্রোগ্রাম দ্বারা প্রদত্ত সহায়তায় আরো নমনীয় মাপকাঠি থাকা উচিত, যত দ্রুত সম্ভব বেঁচে যাওয়া ব্যক্তিদের চাহিদা পূরণ করা উচিত এবং বেঁচে যাওয়া ব্যক্তি নিরাপদ না হওয়া পর্যন্ত সহায়তা সহজয়লভ্য হওয়া উচিত। উপরন্তু, স্টেটের উচিত সমাজসেবামূলক এবং এডভোকেসি সম্প্রদায়ের সাথে অংশীদারিত্বের অঙ্গীকার অব্যাহত রাখা, তাদের সমর্থনকে কাজে লাগানো, বিদ্যমান তহবিল যেখানে কম পড়ে তা পূরণ করা এবং আরো উদ্ভাবন প্রতিপালন করা।

তৃতীয় সুপারিশ: আরো হাউজিং নেভিগেশন সেবা প্রদান

টাস্ক ফোর্স সুপারিশ করে যে রাষ্ট্রীয় সংস্থাগুলো একটি হাউজিং নেভিগেটর সিস্টেমকে সমর্থন করার জন্য বিভিন্ন হাউজিং সম্পর্কিত তহবিল প্রবাহের সাথে সংযুক্ত করবে। নেভিগেটররা বেঁচে যাওা ব্যক্তিদের সাথে কাজ করবে যাতে তারা আশ্রয়ের বাইরে আবাসনের জন্য সহজলভ্য সম্পদ এবং সমর্থন পেতে পারে এবং য়পারিবারিক সহিংসতা উকিলদের সাথে কাজ করে যাতে তারা তাদের ক্লায়েন্টদের আরো ভালোভাবে বুঝতে এবং সাহায্য করতে পারে।

উপরন্তু, পারিবারিক সহিংসতা প্রোগ্রাম হাউজিং নেভিগেশন পরিষেবায় ব্যবহার করার জন্য একজন কর্মচারীর বেতনের একটি অংশ নির্দিষ্ট করা উচিত এবং এই তথ্য তাদের সম্পদ ডাটাবেসে অন্তর্ভুক্ত করা উচিত যাতে কমিউনিটি ভিত্তিক সম্পদ দিয়ে ক্ষতিগ্রস্তদের সম্পূর্ণভাবে সহায়তা করা যায়। হাউজিং নেভিগেটরের ভূমিকা হবে পারিবারিক সহিংসতা সেবা এবং হাউজিং প্রোভাইডারদের মধ্যে "ব্যবধান দূর করা" যাতে পারিবারিক সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের আবাসন চাহিদা পূরণ করা যায়।

চতুর্থ সুপারিশ: পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের অপরাধ আইন তহবিলে প্রবেশাধিকারের জন্য একটি পুলিশ রিপোর্ট দাখিল করার প্রয়োজনীয়তা অপসারণ

টাস্ক ফোর্স সুপারিশ করছে যে গভর্নর একটি নির্বাহী আদেশ জারি করুক যাতে পারিবারিক সংহিসতার শিকার ব্যক্তিরা অপরাধ আইনের তহবিলে প্রবেশাধিকার পেতে পুলিশের প্রতিবেদন দাখিল করার প্রয়োজনীয়তা অপসারণ করা হবে। অনেক পারিবারিক সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিরা তাদের নির্যাতনকারীর বিরুদ্ধে পুলিশে অভিযোগ দায়ের করতে অক্ষম হতে পারে অথবা অনিচ্ছুক হতে পারে এবং যতক্ষণ পর্যন্ত জরুরি অবস্থা কার্যকর থাকবে এই তহবিলে তাদের প্রবেশাধিকার

প্রসারিত করা যেন বেঁচে যাওয়া ব্যক্তিরা গুরুত্বপূর্ণ আর্থিক সহায়তায় COVID-19 সংকট মোকাবেলা করতে পারে।

পঞ্চম সুপারিশ: লিঙ্গ ভিত্তিক সহিংসতা থেকে বেঁচে যাওয়া কৃষ্ণাঙ্গ, আদিবাসী এবং নিম্নবৃত্তীয়য় কালার মানুষদের চাহিদা মোকাবেলা করা

টাস্ক ফোর্স নারী ও বালিকা কাউন্সিল লিঙ্গ ভিত্তিক সহিংসতায় বেঁচে যাওয়া কৃষ্ণাঙ্গ, আদিবাসী এবং পিপল অফ কালার (Black, Indigenous and People of Color, BIPOC) এর চাহিদা পূরণের জন্য সাংস্কৃতিকভাবে উপযুক্ত সেবা সরবরাহকে অগ্রাধিকার এবং সমন্বয় করার জন্য একটি স্থায়ী কমিটি গঠনের সুপারিশ করেছে। এই কমিটি BIPOC এর অধীনে বেঁচে যাওয়া ব্যক্তিদের উপর পদ্ধতিগত বর্ণবাদের প্রভাব সম্পর্কে একটি যৌথ উপলব্ধির অধীনে কাজ করবে এবং যৌনতা, লিঙ্গ পরিচয়, বয়স, প্রতিবন্ধকতা, অভিবাসন অবস্থা এবং অন্যান্য পরিচয় এবং অভিজ্ঞতা বিবেচনা করার জন্য একটি বিভাজনয় ভিত্তিক কৌশল প্রয়োগ করবে। কমিটির উচিত ব্যাপক প্রতিরোধ কৌশল, উন্নত ভাষায় প্রবেশাধিকার এবং সাংস্কৃতিকভাবে উপযুক্ততার প্রসারসহ বিভিন্ন এজেন্সিজুড়ে সেবা সরবরাহের এই উপাদানগুলো বাস্তবায়নের জন্য একটি কর্ম পরিকল্পনা তৈরি করার জন্য মাসে দুইবার বসা।

টাস্ক ফোর্স এছাড়াও সুপারিশ করেছে যে স্টেট একটি সাংস্কৃতিকভাবে উপযুক্ত উপায়ে প্রতিরোধ উন্নীত করার জন্য একটি অর্থ প্রদান সাপেক্ষে এবং অর্জিত মিডিয়া প্রচারণা শুরু করবে এবং নিউ ইয়র্কস্টেট জুড়ে তা নির্দিষ্ট জনগণের কাছে পৌঁছাবে।

ছয় নং সুপারিশ: টেলি-স্বাস্থ্য পরিদর্শনের সময় পারিবারিক সহিংসতা স্ক্রীনিং স্বাভাবিক করা

টাস্ক ফোর্স সুপারিশ করছে যে গভর্নর OPDV এবং স্বাস্থ্য বিভাগকে টেলি-হেলথের মাধ্যমে ঘনিষ্ঠ সঙ্গীর সহিংসতা চিহ্নিত এবং তাতে সাড়া দেওয়ার জন্য সর্বোত্তম অনুশীলনের জন্য নির্দেশিকা তৈরি করতে নির্দেশ দিবেন। স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) এবং ফিনান্সিাল সার্ভিসেস বিভাগের উচিত টেলিহেলথের মাধ্যমে ঘনিষ্ঠ অংশীদার সহিংসতা স্ক্রীনিং এবং প্রতিক্রিয়ার জন্য মেডিকেইড (এবং বাণিজ্যিক) অর্থ প্রদান পদ্ধতি অনুসন্ধান করা, এবং ওপিডিভি স্বাস্থ্যসেবা প্রদানকারীদের প্রশিক্ষণ, প্রযুক্তিগত সহায়তা এবং যথাযথ জ্ঞান প্রদান করা উচিত যাতে তারা ঘনিষ্ঠ সঙ্গীর সহিংসতা নিরাপদে স্ক্রীনিং করতে পারে এবং টেলি-স্বাস্থ্য পরিদর্শনের সময় পারিবারিক সহিংসতা সন্দেহ বা সনাক্ত করা গেলে তাতে সাড়া দেওয়া যায়।

সুপারিশ সাত: অভিবাসী ভুক্তভোগীদের প্রতিনিধিত্বের প্রয়োজনীয়তা তুলে ধরার জন্য একটি প্রোগ্রাম সমন্বয় করা

টাস্ক ফোর্স সুপারিশ করছে যে গভর্নর OPDV-কে নির্দেশ দিয়েছেন নিউ ইয়র্ক স্টেট বার অ্যাসোসিয়েশন এবং অন্যান্য বার অ্যাসোসিয়েশন এবং লিগ্যাল সার্ভিস প্রোভাইডারদের সাথে একটি প্রোগ্রাম সমন্বয় করতে যাতে তারা তাদের প্রো বোনো প্রোগ্রামের মাধ্যমে বড় আইন ফার্মগুলোর মাধ্যমে অভিবাসীদের প্রতিনিধিত্বের প্রয়োজনীয়তা তুলে ধরতে পারে।

সুপারিশ আট: আর্থিক অপব্যবহার তুলে ধরতে জনসচেতনতা মূলক প্রচারাভিযান শুরু

টাস্ক ফোর্স সুপারিশ করছে যে OPDV তার বিদ্যমান টেক্সট এবং চ্যাট লাইনের কার্যক্রম প্রসারিত করে পারিবারিক সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের বিভিন্ন ধরনের আর্থিক নির্যাতন মোকাবেলাকরার জন্য সমাধানের পথ হিসেবে কাজ করুক।

টাস্ক ফোর্স স্থানীয় অভ্যন্তরীণ সেবা প্রদানকারীদের সাথে একটি পাইলট প্রকল্প স্থাপনের সুপারিশ করেছে, যাদেরকে অপব্যবহারের ফলে তাদের ঋণ ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের আর্থিক অবস্থান মেরামত এবং পুনর্নির্মাণের জন্য কাজ করুক।

সুপারিশ নয়: পারিবারিক সহিংসতা সম্পর্কে পুরুষদের শিক্ষিত করার জন্য একটি নতুন প্রতিরোধ উদ্যোগ চালু করা

টাস্ক ফোর্স সুপারিশ করেছে যে OPDV নিউ ইয়র্ক স্টেট অপমানজনক কর্মের প্রতিরোধে অংশীদারিত্ব হস্তক্ষেপ কর্মসূচীর জন্য তার তত্বাবধায়ক কর্তৃত্ব অনুশীলন করবে এবং পুরুষদের প্রতি বিশেষভাবে নির্দেশিত একটি নতুন প্রতিরোধ উদ্যোগ চালু করার নির্দেশ দিবে, যা পারিবারিক সহিংসতা এবং শিশুদের ক্ষতির মধ্যে সংযোগের উপর জোর দেয়।

সুপারিশ দশ: ভবিষ্যৎ অগ্রগতির পর্যায় নির্ধারণ করা

এই প্রতিবেদনে প্রস্তাবিত সুপারিশগুলো তাদের কাজের সময় টাস্ক ফোর্সের সদস্যদের প্রস্তাবিত অনেক ধারণা এবং সর্বোত্তম অনুশীলনের একটি ক্ষুদ্র ভগ্নাংশের প্রতিনিধিত্ব করে। আরো অনুসন্ধান করা দীর্ঘমেয়াদী কৌশলের মধ্যে রয়েছে আদালতের উদ্ভাবনকে ঘিরে নীতি, শিশু নির্যাতন এবং পারিবারিক সহিংসতার মধ্যে সম্পর্ক স্থাপনের উপায়, শক্তিশালী প্রতিরোধ কর্মসূচি এবং আরো ব্যাপক তথ্য সংগ্রহ অনুশীলন। যদিও টাস্ক ফোর্স আর আনুষ্ঠানিকভাবে আহ্বান করবে না, এর সদস্যরা উদারভাবে স্টেটের জন্য সম্পদ হিসেবে কাজ চালিয়ে যাওয়ার প্রস্তাব দিয়েছে যেহেতু স্টেট এই দীর্ঘমেয়াদী পরিকল্পনা রচনা করছে।

নিউ ইয়র্ক স্টেট COVID-19 পারিবারিক সহিংসতা টাস্ক ফোর্স (Domestic Violence Task Force) সম্পর্কে

COVID-19 মহামারির প্রথম কয়েক মাসে, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং পারিবারিক সহিংসতা সেবা প্রদানকারীদের রিপোর্ট করা তথ্য পারিবারিক সহিংসতা বৃদ্ধির দিকে ইঙ্গিত করেছে, যেখানে নিউ ইয়র্ক স্টেট ডোমেস্টিক অ্যান্ড সেক্সুয়াল ভায়োলেন্স হটলাইনে এপ্রিল 2019 এর তুলনায় এপ্রিল 2020-এ কল 33 শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং 2020 এর এপ্রিলে আবাসন দখলের হার আপস্টেটে 78 শতাংশ বাড়ছে যা এপ্রিল 2019 সালে 59 শতাংশ ছিল।

মহামারি শুরু হওয়ার পর থেকে এবং NYS বিরতি (NYS PAUSE)-এর আদেশ কার্যকর হওয়ার পর থেকে, সহিংসতা প্রতিরোধের জন্য রাষ্ট্রীয় দপ্তর এবং সকল সংশ্লিষ্ট রাষ্ট্রীয় সংস্থা পারিবারিক সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের কাছে পৌঁছাতে এবং সেবা এবং সহায়তা সম্পর্কে তথ্যের সাথে সংযুক্ত করার জন্য নিরলসভাবে কাজ করছে। OPDV স্টেট জুড়ে বেঁচে যাওয়া ব্যক্তিদের জন্য একটি নতুন, গোপনীয় টেক্সট লাইন এবং চ্যাট প্রোগ্রাম বাস্তবায়ন করেছে। এই কাজের উপর ভিত্তি করে টাস্ক ফোর্স গঠন করা হয়েছিল, যেখানে সারা দেশ থেকে 27 জন

অভিজ্ঞ এবং জ্ঞানী উকিল, সেবা প্রদানকারী এবং চিন্তাশীল নেতাদের আহ্বান করে ভার্চুয়ালভাবে তাদের সাথে যোগাযোগ করে, তাদের দক্ষতা ভাগাভাগি করে একটি লিখিত প্রস্তাব তৈরি করা হয়েছে।

COVID-19 পারিবারিক সহিংসতা টাস্ক ফোর্সের সদস্যদের মধ্যে রয়েছে:

- স্কট বার্কোউইটজ-প্রতিষ্ঠাতা এবং প্রেসিডেন্ট, ধর্ষণ, অপব্যবহার এবং অজাচার জাতীয় নেটওয়ার্ক (Rape, Abuse and Incest National Network, RAINN)
- আলেহান্দ্রা ওয়াই ক্যাসটিলো, এসকিউ- প্রধান নির্বাহী কর্মকর্তা, ইয়ং উইমেন ক্রিশ্চিয়ান অ্যাসোসিয়েশন মার্কিন যুক্তরাষ্ট্র (YWCA USA)
- কার্মা কটম্যান-নির্বাহী পরিচালক, উজিমা, ইনকর্পোরেটেড (Ujima, Inc): কৃষ্ণবর্ণ সম্প্রদায়ের নারী নির্যাতন সম্পর্কে জাতীয় কেন্দ্র (National Center on Violence Against Women in the Black Community)
- ন্যাথানিয়েল এম ফিল্ড-প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা, আরবান রিসোর্স ইনস্টিটিউট (Urban Resource Institute, URI)
- রুথ এম গ্লেন-প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা, পারিবারিক সহিংসতার বিরুদ্ধে জাতীয় জোট (National Coalition Against Domestic Violence, NCADV)
- পেগ হ্যাসস্কায়লো-প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, ন্যাশনাল অ্যালায়েন্স ফর সেফ হাউজিং (National Alliance for Safe Housing, NASH)
- জিম হেন্ডারসন- পরীক্ষাকাল ও পারিবারিক সহিংসতার বিশেষজ্ঞ, ক্ষতবিক্ষত মহিলা বিচার প্রকল্প (Battered Women's Justice Project)
- গ্রেস হুয়াং, জুরিস ডক্টর (JD) -পলিসি পরিচালক, লিঙ্গ ভিত্তিক সহিংসতার উপর এশীয় প্যাসিফিক প্রতিষ্ঠান (Asian Pacific Institute on Gender-Based Violence)
- তান্দ্রা আর. লাগ্রন- নির্বাহী পরিচালক, ইন অওয়ার ওউন ভয়সেস (In Our Own Voices)
- সিন্ডি লেইভ-সিনিয়র ফেলো, ইউনিভার্সিটি অফ সাদার্ন ক্যালিফোর্নিয়া-অ্যানেনবার্গ স্কুল অফ জার্নালিজম অ্যান্ড কমিউনিকেশনস (USC-Annenberg School of Journalism and Communications)
- টোনয়া লোভলেস, মাস্তের অব আর্টস (MA)-প্রধান নির্বাহী কর্মকর্তা, উইমেন অফ কালার নেটওয়ার্ক ইনকর্পোরেটিভ (Women of Color Network Inc, WOCN)
- ডেভিড ম্যানডেল- নির্বাহী পরিচালক, সেফ অ্যান্ড টুগেদার প্রতিষ্ঠান (Safe & Together Institute)
- ক্যারল ভি. ম্যাসন - জন জে কলেজ অব ক্রিমিনাল জাস্টিস (John Jay College of Criminal Justice)-এর প্রেসিডেন্ট
- জোন এস মায়ার-আইনের অধ্যাপক, জর্জ ওয়াশিংটন ইউনিভার্সিটি ল স্কুল (George Washington University Law School) এবং জর্জ ওয়াশিংটনে

পরিচালক, জাতীয় পারিবারিক সহিংসতা আইন কেন্দ্র, (National Family Violence Law Center)

- কনি নিল - নিউ ইয়র্ক স্টেট কোয়ালিশন এগেইন্সট ডোমেস্টিক ভায়োলেন্স (New York State Coalition Against Domestic Violence)-এর নির্বাহী পরিচালক
- অ্যানা এল অলিভিয়েরা-প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা, নিউইয়র্ক উইমেনস ফাউন্ডেশন (New York Women's Foundation)
- লেজলি ওরলোফ-পরিচালক, ন্যাশনাল ইমিগ্রান্ট উইমেনস অ্যাডভোকেসি প্রজেক্ট (National Immigrant Women's Advocacy Project), আমেরিকান ইউনিভার্সিটি ওয়াশিংটন কলেজ অব ল (American University Washington College of Law)
- ফারজানা সফিউল্লাহ-প্রধান নির্বাহী কর্মকর্তা, ন্যাশনাল রিসোর্স সেন্টার অন ডোমেস্টিক ভায়োলেন্স (National Resource Center on Domestic Violence, NRCDV)
- লিন হেকট শাফরান, জে ডি-আইনগত পরিচালক ও পরিচালক, ন্যাশনাল জুডিশিয়াল এডুকেশন প্রোগ্রাম অ্যাট লিগাল মমেন্টাম (National Judicial Education Program at Legal Momentum), উইমেনস লিগাল ডিফেন্স অ্যান্ড এডুকেশন ফান্ড (Women's Legal Defense and Education Fund)
- লুসি রেইন সিম্পসন - নির্বাহী পরিচালক, ন্যাশনাল ইন্ডিজেনাস উইমেন রিসোর্স নেটওয়ার্ক (National Indigenous Women's Resource Network, NIWRC)
- জো টোর – সহ-প্রতিষ্ঠাতা এবং সভাপতি, সেফ এ হোম ফাউন্ডেশন (The Safe at Home Foundation) এবং মেজর লিগ বেসবল (MLB)-এর বিশেষ উপদেষ্টা
- প্যাট্রিসিয়া টোটোজিন্টিল - প্রধান নির্বাহী কর্মকর্তা, কাসা ডি এস্পেরানজা (Casa de Esperanza)/সুস্থ পরিবার ও সম্প্রদায়ের জন্য জাতীয় ল্যাটিন@ নেটওয়ার্ক (National Latin@ Network for Healthy Families and Communities)
- ডেবরা ডি টাকার, মাস্টার অব পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন (MPA)- প্রেসিডেন্ট, ন্যাশনাল সেন্টার অন ডোমেস্টিক-সেক্সুয়াল ভায়োলেন্স (National Center on Domestic & Sexual Violence, NCDSV)
- ডেবরা জে. ভ্যাগিন্স - প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা, ন্যাশনাল নেটওয়ার্ক টু এন্ড ডোমেস্টিক ভায়োলেন্স (National Network to End Domestic Violence, NNEDV)
- ট্রয় ভিনসেন্ট - জাতীয় ফুটবল লীগ (NFL)-এর ফুটবল অপারেশনস-এর নির্বাহী ভাইস প্রেসিডেন্ট, NFL এবং এন্ড ডোমেস্টিক ভায়োলেন্স (End Domestic Violence) এর ন্যাশানাল অ্যাডভোকেট
- ক্যারল ওয়ারশ, ডক্টর অব মেডিসিন (M.D.) -পরিচালক, জাতীয় কেন্দ্র পারিবারিক সহিংসতা, ট্রমা-মানসিক স্বাস্থ্য (National Center on Domestic Violence, Trauma & Mental Health)

- জোয়ান যান্নোনি – নির্বাহী পরিচালক, নিউ ইয়র্ক স্টেট কোয়ালিশন এগেইন্সট সেক্সুয়াল অ্যাসল্ট (New York State Coalition Against Sexual Assault, NYSCASA)

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন